# ভোটকেন্দ্রে মোবাইল বহনে নিষেধাজ্ঞা সাংবাদিকতার ওপর নগ্ন হস্তক্ষেপ: ডিআরইউ

ছবি: সংগৃহীত

ভোটকেন্দ্রের আশপাশে দায়িত্বপ্রাপ্ত সাংবাদিকদের মোবাইল ফোন বহনে নিষেধাজ্ঞার সিদ্ধান্তকে স্বাধীন গণমাধ্যমের ওপর সরাসরি হস্তক্ষেপ হিসেবে দেখছে ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ)। সংগঠনটির মতে, এমন বিধিনিষেধ অযৌক্তিক এবং সাংবিধানিক অধিকারবিরোধী।

রোববার (৯ ফেব্রুয়ারি) ডিআরইউ সভাপতি আবু সালেহ আকন ও সাধারণ সম্পাদক মাইনুল হাসান সোহেলের যৌথ বিবৃতিতে বলা হয়, নির্বাচন কমিশনের এই পদক্ষেপ নির্বাচনকে স্বচ্ছ ও বিশ্বাসযোগ্য করার পরিবর্তে জনমনে প্রশ্ন ও অবিশ্বাস তৈরি করতে পারে। তাদের আশঙ্কা, সাংবাদিকদের মোবাইল ব্যবহার সীমিত করা হলে ভোটের অনিয়ম আড়াল করার সুযোগ সৃষ্টি হতে পারে।

বিবৃতিতে আরও বলা হয়, আধুনিক সাংবাদিকতায় মোবাইল ফোন একটি অপরিহার্য উপকরণ। তথ্য সংগ্রহ, তাৎক্ষণিক প্রতিবেদন, ছবি ও ভিডিও ধারণ এবং দ্রুত যোগাযোগ—সব ক্ষেত্রেই এর ভূমিকা গুরুত্বপূর্ণ। ফলে মোবাইল ফোন ছাড়া সাংবাদিকদের দায়িত্ব পালন কার্যত কঠিন হয়ে পড়ে।

ডিআরইউর ভাষ্য অনুযায়ী, এই সিদ্ধান্ত গণমাধ্যমের স্বাধীনতা ও নাগরিকদের তথ্যপ্রাপ্তির অধিকারকে ক্ষতিগ্রস্ত করে। সংগঠনটি দ্রুত এই নিষেধাজ্ঞা প্রত্যাহারের দাবি জানিয়ে বলে, সাংবাদিকদের পেশাগত কাজের পরিবেশ নিশ্চিত না হলে নির্বাচন অবাধ ও গ্রহণযোগ্য হওয়া কঠিন।

প্রসঙ্গত, কমিশনের জারি করা বিধিতে ভোটকেন্দ্রের ৪০০ গজ ব্যাসার্ধের মধ্যে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ছাড়া অন্য কারও মোবাইল ফোন বহন নিষিদ্ধ করা হয়েছে।